


# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর

১৪৯, আনসার চেম্বার(৭ম তলা)  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
ফোনঃ ৯৫৫০৩৫৩



Directorate of Discipline  
Ansar chamber(7<sup>th</sup> floor)  
149, Motijheel C/A.Dhaka-1000.  
Phone-9550353  
dir.discipline.bwdb@gmail.com

নং- ২১৭-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৮

তারিখঃ ২৩-০৫-১৪২৭ বঃ  
০৭-০৯-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ


গত ১৯/১২/২০১৭ খ্রিঃ হতে ২১/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত টাস্কফোর্সের তত্ত্বাবধানে মাঠ দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে আইডব্লিউএম কর্তৃক পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী এর আওতাধীন পোল্ডার নং- ৫৫/২ এফ এর ০৩(তিন)টি প্যাকেজ যথাক্রমে কালাইয়া কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ২.০০০, দশমিনা কিঃমিঃ ২১.১৮৩ হতে কিঃমিঃ ২৩.২২১ এবং কিঃমিঃ ২৩.২২১ হতে কিঃমিঃ ২৬.৯০৯ মোট ৭.৭২৬ কিঃমিঃ বাঁধ নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক যাচাই করা হয়। বিভাগীয় দপ্তর কর্তৃক সম্পাদিত প্রি-ওয়ার্ক লেভেলের সাথে টাস্কফোর্স কর্তৃক সম্পাদিত জরিপ কাজে বড় ধরনের গরমিল পরিলক্ষিত হয়। টাস্কফোর্সের যৌথ সার্ভে অনুযায়ী ৩(তিন)টি প্যাকেজের মাটির পরিমাণ যথাক্রমে ২৭,১৩৩.৪২, ১২,৩৩৪.৪০ এবং ১৮,৪৮২.৩৭ ঘঃমিঃ এবং মাঠ পর্যায়ের সার্ভে অনুযায়ী মাটির পরিমাণ যথাক্রমে ৩৬,৪৫৯.৭০, ২৫,৩৬৫.৪৪ এবং ৫৪,৩০৩.৪৬ ঘঃমিঃ যা যৌথ জরিপের তুলনায় ৩৪%, ১০৬% এবং ১৯৪% বেশী পাওয়া সংক্রান্ত কতিপয় অনিয়মের অভিযোগে অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-০২-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৮ তারিখ ০১-০১-২০১৮ খ্রিঃ মোতাবেক জনাব মোঃ কামাল হোসেন আকন, উপ-সহকারী প্রকৌশলীকে সাময়িকভাবে বরখাস্ত করতঃ তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং- ০৭-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৮ তারিখ ১৬-০১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রণয়নপূর্বক কার্যধারা সূচনা করে ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ কামাল হোসেন আকন, উপ-সহকারী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন এবং দাখিলকৃত বিবৃতি/জবাব পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-১৬৮-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৮ তারিখ ০৩-০৬-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুসঙ্গিক রেকর্ডপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ কামাল হোসেন আকন, উপ-সহকারী প্রকৌশলীর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে চাকরিতে পূর্ণবহাল পূর্বক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কাল কর্তব্যকাল হিসেবে গণ্য করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৪। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ কামাল হোসেন আকন, উপসহকারী প্রকৌশলী, বাউফল পওর শাখা-২, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালীর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে চাকরিতে পূর্ণবহাল পূর্বক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কাল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রতিধান ৫৬ অনুযায়ী কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
০৭/০২/২০২০

(ফেরদৌসি বেগম)  
পরিচালক


পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১

নং- ২১৭(৯)-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৮

তারিখঃ ২৩-০৫-১৪২৭ বঃ  
০৭-০৯-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
- ২। পরিচালক, কর্মচারী/হিসাব/অর্থ/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
- ৪। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
- ৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্যে অনুরোধ করা হলো।
- ৭। হিসাবরক্ষণ অফিসার, পটুয়াখালী আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পটুয়াখালী।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৯। জনাব মোঃ কামাল হোসেন আকন, উপসহকারী প্রকৌশলী, বাউফল পওর শাখা-২, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।

  
(শেখ মোঃ আব্দুল ওয়াহেদ)  
উপ পরিচালক  
পরিচিতি নম্বর-৬৩০৫৩০০০১  
টেলিফোন -৯৫৫৯৮০৮।

